Created a video Package

* No mistake

End - 8:40 pm

21-11-23 Tue

Reporting - 12:00 Pm

Write a package Script

Give voice (not published)

End - 8:30 PM

23-11-23 Thur

Reporting - 12Pm

Wrote a package script

Left - 7:00 Pm

24-11-23 Fri

Reporting - 12:10 PM

Package Script

mistake on voice over

Left - 8:00pm

25-11-23 Sat

Reporting - 12:10 pm

Left - 7 pm

26-11-23 Sun

Reporting - 12:00pm

Created a video package (No m

Left - 8:30 pm

www.cricfrenzy.com

/cricfrenzyofficial /cricfrenzylive /cricfrenzy /cricfrenzytv


CRICFRENZY

27-11-23 mon

Reporting - 12:00 PM

No news (after WC)

Left - 7:30 pm

28-11-23 Tue

Reporting - 12:00 pm

Wrote a script

left - 6:30 PM

29-11-23 wed [redacted]

Reporting - 12:10 pm

Wrote a package script

Left - 7:30 pm

01-12-23 Thurs

Reporting - 12:30pm

wrote a script

Left - 7:00pm

03-12-23 sun

Reporting - 12:20 PM

Created a video package

[redacted]

Published

Left 6:30 pm

04-12-23 mon

Reporting - 12:00pm

Internship report

No news

Left - 6:30pm

05-12-23 Tue

Reporting - 12:10 pm

Intern - Report

Left - 6:30 pm

www.cricfrenzy.com


CRICFRENZY

December 6 - Wed

Reporting - 12:30 pm

Left - 6:30

December 7 - Thurs

December 8 - Fri

Reporting - 12:00pm

Portfolio report

Left :- 6:30 pm

December 10 - Sun

Home office - 12:00pm

Report writing ,

End. 4:30 pm.

December 14 - Thurs

Reporting - 2:20pm

Left - 7:30 pm

December 17 - Sun

Reporting - 12:00 pm (meet with superv

Left - 5:30 pm

www.cricfrenzy.com
/cricfrenzyofficial /cricfrenzylive /cricfrenzy /cricfrenzytv
HQ: House 18, Flat B2, Road 2
Mohammadia Housing Society
+8801305 271 894
contact@cricfrenzy.com
cricfrenzy@gmail.com

The daily work log has not been updated since December 17, 2023 due to the submission deadline.

PROFESSIONAL COMPETENCIES

Joining the internship was important to me because I wanted to become a better journalist. I’m glad to share that I’ve learned many skills and qualities that will be useful in my career. I figured out how to use what I learned in school in real situations, and the hands-on experience helped me understand things better. What I have learned are:

- Typing in both English and Bengali at a respectable speed
- Learned SEO searching tools
- Learned to be more concise and direct in my writing
- Learned to use various programs, such as. Avro, Word
- Learned how to be courteous and professional in the work place
- Learned what kind of videos and photos are needed to show visual news
- How to take scripts from representative and paraphrase them to be more precise and concise
- How to network in a professional environment

I have learned to be more punctual and have gained a very good work ethics from my senior collegues.

MSJ043

SELF-ASSESSMENT FORM

The purpose of this survey is to obtain students input on how they think they have performed.

Name of Intern: Md. Shoriful Hasan Chowdhury

University ID: 191012021

Name of the Institute/Organization:		Cricfrenzy	
Corporate Office Address:		2nd Floor, House No. 18, Road No. 2, Mohammadi Housing Society, Mohammadpur, Dhaka, Bangladesh.	
Email:	contact@cricfrenzy.com	Web:	www.cricfrenzy.com

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

48 hours

2. Was your internship paid? If yes, how much?

No

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit ✔A great deal

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

NO	CRITERIA (Personal)	RATING
1	I have a sense of satisfaction in doing something worthwhile.	4
2	I believe in my ability to make a difference.	5
3	I am open to new experiences.	5
4	I have gained the capacity to be more productive.	5
5	I can recognize my personal strengths.	4
6	I can recognize my personal weaknesses.	4
7	I have a sense of personal achievement.	5
8	I have the ability to persevere in difficult tasks	4
NO	CRITERIA (Social/Interpersonal Impact)	
9	I demonstrate concern for the welfare of others	5
10	I can be understanding and appreciative of people with diverse backgrounds	4
11	I have the ability to work cooperatively with others	5
12	I have the ability to communicate effectively	5

13	I have increased my ability to be a leader	4
14	I feel more connected to my community	5
NO	CRITERIA (Academic learning impact)	
15	I have acquired knowledge from the job duties I performed	5
16	I have broadened my critical thinking skills (reasoning, problem solving)	5
17	I have learnt the ability to work independently	5
18	I feel my classroom learning was enriched	5
19	I have the ability to connect academic subject matter to the real world.	5
NO	CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT)	
20	I developed specialised technical skills for a specific job function	5
21	I broadened my future employment possibilities	4
22	I received an opportunity to explore a specific career	5
23	I developed realistic ideas about the work world	5
24	I narrowed my future possible career choices.	4
25	**What is your average score from this test?**	4.67

5. General Comments

Having been an intern of Cricfrenzy was an incredible journey. Following the internship, I've gained enhanced skills, a heightened sense of responsibility, and updated technical prowess as a journalist. I now embrace new ideas with greater openness, approach challenges with more critical thinking, and am fueled by a stronger drive to succeed in life.

____

Signature of Intern

Appendix

This section will contain all the picture of other tasks that I did over the time period of my internship.

Scripts:



Figure 9.1 News Script



পাকিস্তান ক্রিকেট টিম অধিনায়ক বাবর আজমের হোয়াইটস্যাপ চ্যাট ফাঁস নিয়ে ক্ষুব্ধ পাকিস্থানের সাবেক ক্রিকেটাররা।

বাবর আজমের বাজে পারফরম্যান্স নিয়ে খবরের শিরোনাম হচ্ছেন ইন্ডিয়ার সাথে হারের পর থেকেই। তবে শুধু মাঠের মধ্যবর্তী ঘটনার জন্য নয়, শিরোনাম হচ্ছেন মাঠের বাইরে অন্য কারণে। এবারের শিরোনামে আসার কারন পাকিস্থান ক্রিকেট বোর্ডের প্রধান জাকা আশরাফ।

বাবরের সাথে পিসিবির চিফ অপারেটিং অফিসার সালমান নাসেরের হোয়াইটস্যাপ বার্তা ফাঁস করেছেন জাকা আশরাপ। এ নিয়ে বাবর শিরোনামে এলেও পিসিবি প্রধানের কাজটি পছন্দ হয়নি পাকিস্তানের সাবেক ক্রিকেটারদের।

ঘটনাটি শুরু হয় ২৮ অক্টোবর, গত শনিবার থেকে। পাকিস্তানের সাবেক ক্রিকেটার রশিদ লতিফ বলেছিলেন, পিসিবি প্রধান জাকা আশরাফের সঙ্গে ভারত থেকে ফোনে যোগাযোগ করার চেষ্টা করেছিলেন। কিন্তু ফোন ধরেননি জাকা আশরাফ।

পরে পাকিস্তানের একটি টেলিভিশনে সাক্ষাৎকারে জাকা আশরাফ বলেছেন, রশিদ লতিফের কথা ঠিক নয়। নিজের কথা প্রমাণ করতে ওই টেলিভিশন চ্যানেলটির সাংবাদিককে বাবর-নাসেরের হোয়াটসঅ্যাপ বার্তাগুলো দেন তিনি। সেটা তারা প্রচারও করে।

সেই সময় টেলিভিশনটির অনুষ্ঠানে ছিলেন পাকিস্তানের সাবেক ক্রিকেটার আজহার আলী। তিনি সঙ্গে সঙ্গেই সেই অনুষ্ঠানের উপস্থাপককে প্রশ্ন করেন–এটা তাঁরা বাবরের অনুমতি নিয়ে দেখাচ্ছেন কি না। বাবর অনুমতি না দিলে এগুলো তাঁরা দেখাতে পারেন না বলেও উল্লেখ করেন আজহার আলী।

পাকিস্তানের সাবেক কোচ ও ফাস্ট বোলার ওয়াকার ইউনিস গতকালই বিষয়টিকে ‘দুঃখজনক’ বলে আখ্যা দিয়েছেন। এবার বিষয়টি নিয়ে সরব হয়েছেন পাকিস্তানের আরও দুই সাবেক ক্রিকেটার শহীদ আফ্রিদি ও মুশতাক আহমেদ। পাকিস্তানের সাবেক অধিনায়ক আফ্রিদি তো জাকা আশরাফকে রীতিমতো ধুয়েই দিয়েছেন।

সট

‘এটা লজ্জাজনক একটি কাজ। আমরা নিজেরাই আমাদের জাতির মানহানি করছি। আমরা নিজেরাই আমাদের খেলোয়াড়দের মানহানি করছি। আপনি কীভাবে আরেকজনের ব্যক্তিগত বার্তা ফাঁস করতে পারেন, তা- ও আবার অধিনায়ক বাবর আজমের।’

এখানেই থেমে থাকেননি আফ্রিদী,

সট

Figure 9.2 News Script



মোহাম্মদ শামির মাথার ওপরে গোল গোল করে ঘুরছে ক্রিকেট বল। সেটা নিজ হাতেই করছেন ইন্ডিয়ান এই পেসার। যদি ভেবে থাকেন, বিপক্ষ ব্যাটারকে আউট করে তাকে কটাক্ষ করছেন এই বোলার তাহলে ভুল করবেন। তবে এটাকে বলতে পারেন বিশেষ ইঙ্গিতপূর্ণ সেলিব্রেশন বলা যেতেই পারে, কারণ একজন নির্দিষ্ট মানুষকে ইঙ্গিত করেই এই সেলিব্রেশন করেছেন শামি। আর সেই মানুষটি হলেন- ভারতের পেস বোলিং কোচ পরশ মামব্র।

কিন্তু মাথায় বল ঘুরিয়ে ইন্ডিয়ান পেসার আসলে কি বোঝাতে চেয়েছেন সেটা তখনই জানা সম্ভব হয়নি। তবে ম্যাচ শেষে সেই তথ্যও জানা গেলো শামির সতীর্থ শুবমান গিলের কাছ থেকে।

শ্রীলঙ্কার বিরুদ্ধে ভারত প্রথমে ব্যাট করতে নামে। ৩৫৭ রান তাড়া করতে নেমে কূল হারিয়ে ফেলে লংকানরা। শামি-সিরাজের দাপটে মাত্র ৫৫ রানে শেষ হয়ে যায় শ্রীলঙ্কা। শামি একাই ৫ উইকেট নিয়ে একটি দুরন্ত ইনিংস উপহার দেন ভারতীয় সমর্থকদের। তখনই করেন ভিন্ন এই উদযাপন।

আর এই উদজাপনের পেছনে ঘটনা জানাতে গিয়ে শুবমান বলেন, "শামি আমাদের বোলিং কোচের দৃষ্টি আকর্ষণ করছিল। মামব্রের মাথায় চুল নেই, তাই ওই ভাবে বোঝাচ্ছিল।"

ভারতের বোলিং কোচ পরশ মামব্রে। ২০২১ সালের নভেম্বর থেকে ভারতীয় দলের সাথে বোলিং কোচ হিসেবে নিযুক্ত হন তিনি। যখন রাহুল দ্রাবিড় প্রধান কোচ হন, সঙ্গে সঙ্গেই দায়িত্ব পান বোলিং কোচ মামব্রেও। অতীতে তিনি জাতীয় দলের হয়ে দুইটি টেস্ট এবং তিনটি অডিআই খেলেছিলেন। ৫১ বছরের মামব্রের মাথায় টাক হওয়ায় মুলত তাঁর দৃষ্টি আকর্ষণ করতে, মাথায় বল ঠেকিয়ে নিজ হাতে গোল গোল করে ঘুরিয়ে টাক বোঝাতে চাইছিলেন শামি।

ভারত- শ্রীলঙ্কা ম্যাচে ৫ উইকেট নিয়ে বিশ্বকাপে ভারতের সর্বোচ্চ উইকেটের মালিক এখন তিনি। মাত্র ১৪ ইনিংসে ৪৫ উইকেট নিয়ে ছাড়িয়ে গেছেন জহির খান ও জাভাগাল শ্রীনাথকে। বিশ্বকাপে এমন রেকর্ড গড়া পারপরম্যান্স করে ক্রিকেট দুনিয়ার প্রশংসায় ভাসছেন শামি। দেশে-এমনকি দেশের বাইরের ক্রিকেটাদেরও মুখে এখন তারই নাম।

শামির বোলিংয়ের প্রশংশা করতে গিয়ে পাকিস্তানের কিংবদন্তি ওয়াসিম আকরাম বলেন, "৫ ওভারে ১৮ রানে ৫ উইকেট। কী দুর্দান্ত এক স্পেল। দ্বিতীয় বোলার হিসেবে বিশ্বকাপে তিনবার ৫ উইকেট নিয়েছে। এর আগে শুধু মিচেল স্টার্কের এই রেকর্ড ছিল। এটা অনেক বড় বিষয়। বিশ্বকাপে ভারতের সর্বোচ্চ উইকেটশিকারিও সে। ৪৫ উইকেটের মালিক। অবিশ্বাস্য পারফরম্যান্স।"

মোহম্মদ শামি ২০১৫ সালের বিশ্বকাপে উইকেট নিয়েছিলেন ১৭টি। ২০১৯ সালে চারটি ম্যাচ খেলে ১৪টি উইকেট পেয়েছিলেন এই পেসার। এ বারের মাত্র তিনটি ম্যাচ খেলেই বিশ্বকাপে ইতিমধ্যেই ১৪টি উইকেট নিয়েছেন তিনি। রাউন্ড রবিন লীগে গ্রুপ পর্বে আরো দুই ম্যাচ বাকি আছে ভারতের। সেমিতে উঠার পর একটি এবং ফাইনালে উঠলে আরও একটি ম্যাচ বেশি খেলার সুযোগ পাবেন শামি। এই তিন বা চারটি ম্যাচেই শামি খেলতে পারলে এবারের উইকেট শিকারের তালিকায় প্রথম স্থানে থাকতে পারেন। এ নিয়ে প্রত্যাশায়ী ভারত টিম সমর্থকরা।

Figure 9.3 News Script



Figure 9.4 News Script



Figure 9.5 News Script



Figure 9.6 News Script



Figure 9.7 News Script



Figure 9.8 News Script



Figure 9.9 News Script



Figure 9.10 News Script



নিউজিল্যান্ডকে হারিয়ে ১২ বছর পর বিশ্বকাপ ফাইনালে উঠেছে ভারত। ঘরের মাঠের এই বিশ্বকাপে বেশ কিছু কারনে বিতর্কের মুখে পড়তে হয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআইকে। সেমি ফাইনালের আগেও পছন্দমত উইকেট পরিবর্তন করা নিয়ে বেশ সমালোচিত হতে হয় টিম ইন্ডিয়াকে।

এরপর ম্যাচ শুরুর আগে টস নিয়েও উঠে বিতর্ক। টসের সময় ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা টসের কয়েন ছুড়ে ফেলেন অনেক দূরে, ফলে মুদ্রার কোন দিক উপরে রয়েছে তা দেখা সম্ভব হয়নি কিউই ক্যাপ্টেন কেন উইলিয়ামসনের। এমনকি অভিযোগ রয়েছে ম্যাচ রেফারি ঠিক মত কয়েন না দেখেই, ঘোষণা দিয়ে দেন টস জয়ী টিম ইন্ডিয়া। আর ভারতীয়দের সুবিধার জন্যই এমনটা করা হচ্ছে বলে মনে করেন পাকিস্থানের সাবেক ক্রিকেটার সিকান্দার বখ্ত।

পাকিস্তানের সংবাদমাধ্যম জিয়ো টিভির অনুষ্ঠানে বিষয়টি নিয়ে সিকান্দার সরাসরি কিছু না বললেও, পরক্ষভাবে সেদিকেই ইঙ্গিত করেছেন সিকান্দার। তিনি বলেন,

'আমি একটি মতামত দেই, রোহিত শর্মা যখন টস করেন, তখন কয়েনটা দূরে ফেলেন। বিপক্ষের ক্যাপ্টেন তখন গিয়ে দেখেন না যে কয়েনের কোন দিকটা পড়েছে।'

শুধু যে বলেছেন তাই নয়। তার সেই বক্তব্যের মধ্যেই বর্তমান বিশ্বকাপে ভারতের একাধিক

Figure 9.1 1


21-11-23
ক্যাপশনঃ নিউজিল্যান্ডের বিপক্ষের টেস্ট সিরিজের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। এক মাসের ছুটি লিটন কুমার দাসের।
থাম্বঃ কিউইদের বিপক্ষের টেস্ট টিমের অধিনায়ক শান্ত, ছুটি নিলেন লিটন।
দয়া করে তোমরা হাসো, পুরো দেশ তোমাদের দেখছে – বিশ্বকাপ ফাইনালে ভারত হারার পর ড্রেসিংরুমে গিয়ে রোহিত শর্মা - বিরাট কোহলিদের এভাবেই স্বান্তনা দেন ভারতের প্রধানমন্ত্রী নেরেদ্র মোদি। সেই ভিডিও প্রকাশ হয় নরেন্দ্র মোদির অফিসিয়াল ইউটিউব চ্যানেলে।
টানা দশ ম্যাচ জিতে শেষে এসে হার – এমন পরিণতি বরণ করলে ভেঙে পড়াটা অস্বাভাবিক কিছু নয়। আহমেদাবাদের মাঠে বসেই কান্না শুরু করেছিলেন ইন্ডিয়ান পেসার মোহাম্মদ সিরাজ। চোখেমুখে অন্ধকার নেমে আসে বিরাট কোহলির। চোখ ছলছল করছিল ক্যাপ্টেন রোহিতের। ম্যাচ শেষে ড্রেসিং রুমে
1080
Figure 9.1 2



20-11-23

ক্যাপশনঃ কথা রাখলেন কামিন্স, প্রায় দেড় লাখ ভারতীয় সমর্থককে নিস্তব্ধ করে জিতলেন বিশ্বকাপ।

থাম্বঃ প্রায় দেড় লাখ ভারতীয় সমর্থককে নিস্তব্ধ করে কামিন্সের বিশ্বজয়।

গ্যালারি ভর্তি ১ লক্ষ ৩০ হাজার দর্শক নিশ্চুপ হয়ে যাচ্ছে – এমন দৃশ্য দেখার চেয়ে শান্তিদায়ক আর কিছু নেই – বিশ্বকাপ ফাইনালের আগে অস্ট্রেলিয়ার ক্যাপ্টেন প্যাট কামিন্স বলেছিলেন ঠিক এই কথাটাই। কথা রেখেছেন কামিন্স। নরেন্দ্র মোদি স্টেডিয়ামের প্রায় দেড় লাখ মানুষকে নিস্তব্ধ বানিয়ে, ভারতকে হারিয়ে অস্ট্রেলিয়াকে করেছেন চ্যাম্পিয়ন।

কামিন্স জানতেন গ্যালারি ভর্তি দর্শক থাকবে আহমেদাবাদের মাঠে। আর সব সমর্থকই থাকবে টিম ইন্ডিয়ার পক্ষে। আগের সব ম্যাচেও বিপুল সংখ্যক দর্শক গলা ফাটিয়েছে টিম ইন্ডিয়ার জন্য।

Figure 9.1 3


Zimbabwe vs Uganda.docx - Word
26-11-23
ক্যাপশনঃ টি-২০ বিশ্বকাপ বাছাইপর্বে উগান্ডার কাছে জিম্বাবুয়ের হার। বিশ্বকাপ থেকে বাদ পরার সম্ভাবনা।
যান্ত্রঃ টি ২০ বিশ্বকাপ বাছাইপর্বে উগান্ডার বিপক্ষে জিম্বাবুয়ের পরাজয়
এক সময়ের শক্তিশালী দল জিম্বাবুয়ে যেন খেই হারিয়ে ফেলেছে টি ২০ বিশ্বকাপ ২০২৪ এর বাছাই পর্বে। বাচাই পর্বের ম্যাচে এবার উগান্ডার সাথেও হেরে যায় জিম্বাবুয়ে। তিন ম্যাচের মাত্র একটি ম্যাচ জিতে অবস্থান করছে পয়েন্ট টেবিলের ৩য় স্থানে।
২৬ নভেম্বর টি ২০ বিশ্বকাপের আফ্রিকা রিজিয়নের বাচাইপর্বে জিম্বাবুয়ের বিপক্ষের ম্যাচে হাতে ৫ বল রেখেই ৫ উইকেটে জয়ী হয় উগান্ডা। টসে হেরে প্রথমেই ব্যাটিং করতে নামে জিম্বাবুয়ে। কোনো বল না খেলেই আউট হয়ে যান জিম্বাবুয়ের অপেনার তাদিওনাসে মারুমানি। তবে সিম উইলিয়ামস আসার পর শুরু হয় রান সংগ্রহ। তবে ২৪ বলে ২১ করেই আউট হয়ে যান উইলিয়ামস।
দলীয় রান যখন ৪৭, তখনই আউট হন আরেক ওপেনার ইনোসেন্ট কায়া। জিম্বাবুয়ের ক্যাপ্টেন সিকান্দার রাজা, দলের রান অনেকটাই এগিয়ে নিয়ে যান। ৩৯ বলে চারটি ছয় ও ২ টি চার মেরে সংগ্রহ করেন মোট ৪৮ রান। তবে তিনিও আউট হয়ে ১৮ তম ওভারে। রাজা থাকতেই উইকেট পরে যায় বাকি ৩টি। রায়ান বার্ল বাদে জিম্বাবুয়ের বাকি ৪ প্লেয়ার আউট হয়ে যান নিজস্ব ১০ রানের করতে গিয়েই। ২০ ওভারে জিম্বাবুয়ে সংগ্রহ করে মোট ১৩৬ রান। অন্যদিকে, উগান্ডার দীনেশ নাকরানি ৪ ওভারে মাত্র ১৪ রান দিয়ে নেন ৩ উইকেট।
উগান্ডার ব্যাটিং ইনিংসে প্রথম দিকে রান না আসলেও আলপেশ রামজানি ও রিয়াজ আলি শাহ দুজন মিলেই রান সংগ্রহ করেন ৮২। রজার মুসাকা রান করেন ৩৩ বলে ২৩। রান তাড়া করতে নেমে, হাতে ৫ উইকেট রেখেই খুব সহজে জয়ী হয় উগান্ডা। আগের ৩ উইকেট উঠানোর সাথে
acer

Figure 9.1 4


HOME INSERT DESIGN PAGE LAYOUT REFERENCES MAILINGS REVIEW VIEW ADD-INS
21-11-23
316 WORDS
1080
acer

Figure 9.1 5


ধর্মশালার মাঠে মুজিবুর রহমানের পর রহিত শর্মার ইনজুরি; নিজেদের মাঠেই ভাগ্যের এই পরিহাস ইন্ডিয়ান ক্রিকেটারদের।

ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ এর শুরু থেকেই বিভিন্ন ধরণের বিবাধযুক্ত প্রশ্ন আসে ধর্মশালার হিমাচল প্রদেশ ক্রিকেট এসোসিয়েশনের আউটফিল্ড নিয়ে। মাঠে মাঠি নরম ও ঘাসে বালির পরিমাণ বেশি থাকায় ক্রিকেটারদের গুরুতর আহত হওয়ার আশঙ্কা রয়েছে বলে মনে করছিলেন অনেকে। আবারো ধর্মশালার এই মাঠেই ইন্ডিয়া-নিউজিল্যান্ড ম্যাচের ফিল্ডিংইয়ের সময় ১১তম ওভারে বল আটকাতে গিয়ে হাতে ইনজুরি পেলেন ইন্ডিয়ার ওপেনার রহিত শর্মা।

গত বাংলাদেশ- আফগানিস্থান ম্যাচে ফিল্ডিংয়ের সময় আফগানিস্তানের মুজিব- উর রহমান ডাইভ দিতে গিয়ে তাঁর হাঁটু নরম মাটিতে গেঁথে যাওয়ায় বেকায়দায় পড়ে যান। আফগান এই ক্রিকেট তারকার বড় কোনো ইনজুরি হওয়ার আশঙ্কা নিয়েই ধর্মশালার আউটফিল্ড নিয়ে শুরু হয়েছিলো বিতর্ক।

ওই ম্যাচের পর আফগানিস্থান ক্রিকেট দলের পক্ষ থেকে বলা হয়েছিলো, ধর্মশালার মাঠ আন্তর্জাতিক ক্রিকেটের জন্য তৈরি নয়। বাংলাদেশ ম্যাচের পর আফগানিস্তানের প্রধান কোচ জোনাথন ট্রট সাংবাদিকদের এক বৈঠকে বলেছিলেন, "পরিস্থিতি এমনই ছিল যে, ক্রিকেটারেরা বুঝতে পারছিল না ডাইভ দিবে কিনা। আমরা দেখেছি বিশ্বের সর্বত্র ক্রিকেটারদের উৎসাহিত করা হয় ফিল্ডিংয়ের মানের উন্নতি করার জন্য। কিন্তু তারপর যদি ইনজুরি পেয়ে যাওয়ার ভয় তৈরি হয়। আমরা তো ভাগ্যবান যে মুজিবের হাঁটুতে বড় কোনো ইনজুরি পায়নি।

সে সময় কতৃপক্ষ জানায়, বৃষ্টির কারণে এমন হয়েছে। কিন্তু এমন অবস্থা চলতে থাকলে যে ইনজুরির আশঙ্কা বাড়বে তা তখনই ধারণা করা হয়েছিলো।

তবে ধর্মশালার আউটফিল্ড নিয়ে প্রশ্ন উঠা এই প্রথম না।আউটফিল্ডে যথেষ্ট পরিমাণ ঘাস নেই বলে এ বছরের শুরুতে ভারত-অস্ট্রেলিয়া তৃতীয় টেস্ট ম্যাচ সরিয়ে নিতে হয়েছিল। তারপর সেপ্টেম্বরে আউটফিল্ডে ঘাসে ফাঙ্গাস সংক্রমণ হয়েছিল বলেও জানা যায়। সেই সমস্যার দ্রুত সমাধান করা উচিত বলেও সেই সময় জানিয়েছিলেন বিশেষজ্ঞরা।

বাংলাদেশের বিপক্ষে খেলার আগে সংবাদ সন্মেলনে ইংল্যান্ড ক্যাপ্টেন জশ বাটলারও এই মাঠের আউট ফিল্ড নিয়ে কথা বলেছিলেন। এই বিষয়ে ইংল্যান্ড ক্রিকেটারদের সতর্ক থাকার ইঙ্গিত দেন তিনি। তবে এত এত বিতর্কের পরেও আউটফিল্ড সমস্যার সমাধান হয়নি। ধর্মশালা রয়ে গেছে বলভর্তি মাঠ হিসেবেই।

Figure 9.1 6



নেদারল্যান্ডসের কাছে দড়াসায়ী হওয়ার পর এখন আর নতুন কিছু নিয়ে ভাবছেননা সাকিব আল হাসান। বিশ্বকাপে এমন পারফরম্যান্সের পর নিজেদের ঘুড়ে দারানোটা অনেকটাই কঠিন বলে মনে করছেন এই টাইগার ক্যাপ্ট্যান। তবুও চেষ্টা চালিয়ে যেতে হবে বলে জানান সাকিব।

পাঁচ ম্যাচের মধ্যে শুধু প্রথম ম্যাচেই জয় নিয়ে কলকাতায় গেছে বাংলাদেশ ক্রিকেট টিম। ৮৭ রানে নেদারল্যান্ডসের কাছে হারের পর একি ভ্যনুতে পাকিস্থানের বিরুদ্ধে লড়তে হবে। সংবাদ সম্মেলনে পরবর্তী এই ম্যাচের পরিকল্পনা নিয়ে প্রশ্ন করলে তিনি জানান, 'এই মুহূর্তে আমাদের প্রতিপক্ষ নিয়ে ভাবার সুযোগ নেই। আমাদের শুধু নিজেদের খেলাটা খেলতে হবে। নিজেদের চাঙা রাখতে হবে। আর কোনো সুযোগ নেই।'

তবে সাকিব পরবর্তী তিন ম্যাচ নিয়ে কিছু করতে চান বাংলাদেশের সমর্থকদের মন রক্ষার্থে। এ আশ্বাস নিয়ে তিনি জানান, 'আমাদের তিন ম্যাচ খেলতেই হবে। যদি আমরা বাংলাদেশের মানুষকে কিছু ফিরিয়ে দিতে পারি, সেটা দারুণ হবে।'

এই হারের পর বাংলাদেশের ঘুরে দাঁড়ানো কতটা কঠিন হবে সে নিয়ে চিন্তিত অলরাউন্ডার সাকিব। চেষ্টা বাদে যেন কিছুই মাথায় আসছে না তার। ভুলে যেতে চান পূর্ববর্তী দিনগুলো। এ নিয়ে তিনি জানান, 'সত্যি কথা বলতে, খুবই কঠিন এখান থেকে ঘুরে দাঁড়ানো। তিন ম্যাচ আছে। সুযোগ এখনো আছে আমাদের। তবে খুবই কঠিন। আমাদের চেষ্টা করতে হবে। চেষ্টা ছাড়া আমাদের কিছু করার নেই। আজকের দিনটা যদি ভুলে যেতে পারি, সামনের ম্যাচটায় মনোযোগ দিতে পারি, তাহলে ভালো হবে। আমরা যেখানে আছি সেখান থেকে খুবই কঠিন।'

চ্যাম্পিয়ান্স ট্রফি খেলতে হলে থাকতে হবে র‍্যাঙ্কিং আটের ভিতরে। ডাচদের বিপক্ষে হারের পর এখন র‍্যাঙ্কিংয়ে নয় নাম্বারে। তার বাদে এখন আর কোনো আশা নেই সেমিফাইনালে যাওয়ার। সাকিবের ইচ্ছা শুধু এখন একটু ভালো করার, যেন ২০২৫ এর চ্যাম্পিয়ান ট্রফিটাও চলে না যায় হাতের নাগালে। এজন্যে নির্দিষ্ট

Figure 9.1 7



টিম পারপরম্যান্স দেখে কেউ ভাবেনি, ২০২৩ এর ক্রিকেট বিশ্বকাপ পরাজিত হবে ভারত। বিশ্বকাপের ট্রপি হাতছাড়া হওয়ার পর অস্ট্রেলিয়ার বিপক্ষের সিরিজে মাঠে আর দেখা যায় নি ভারতীয় ব্যাটার বিরাট কোহলিকে। এবার ভারতীয় ক্রিকেট বোর্ড জানায়, অনির্দিষ্ট কালের জন্যে ওয়ান্ডে ও টি ২০ খেলবেন না বিরাট কোহলি।

অজিদের বিপক্ষের পর ভারতীয় দল যাবে দক্ষিন আফ্রিকা সফরে। তবে সেই সফরে থাকছেন না কোহলি। জানুয়ারিতে আফগানিস্তানের বিপক্ষের টি-টোয়েন্টি সিরিজের তিন ম্যাচ থেকেও সড়ে দারাচ্ছেন ভারতীয় এই ব্যাটার।

বিসিসিআইয়ের একজন কর্মকর্তা জানান অনির্দিষ্ট কালে জন্যে সাদা বলের খেলা ছেড়ে টেস্ট ক্রিকেটে মনোযোগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন কোহলি। দক্ষিন আফ্রিকার বিপক্ষে শুধু টেস্টেই খেলতে দেখা যাবে কোহলিকে।

"কোহলি দলের নির্বাচক ও আমাদের জানিয়েছেন, অডিআই ও টি২০ দুই ফরমেট থেকেই অনির্দিষ্ট কালের জন্যে বিরতি নিচ্ছেন তিনি। আবার কবে থেকে সাদা বলের ক্রিকেট খেলা শুরু করবেন, পরবর্তীতে আবারে কাছে বলবেন কোহলি। এই মুহূর্তে তিনি বিসিসিআইকে জানিয়েছেন যে তিনি শুধু লাল বলের ক্রিকেট খেলবেন। দক্ষিন আফিকার বিপক্ষের টেস্ট ম্যাচগুলোতেও নামবেন তিনি।"

তবে দক্ষিণ আফ্রিকা সফরে ওডি আই ও টি২০ ফরমেটে ভারতীয় টিম ক্যাপট্যান রোহিত শর্মা মাঠে নামবেন কিনা সেই বিষয়ে নিয়ে স্পষ্ট কোনো কথা বলেনি ভারতীয় ক্রিকেট বোর্ড।

রোহিত বিরাট দুইজনেই এই বিশ্বকাপে খেলেছিলেন অনেক ভালোভাবে। বিশ্বকাপের সর্বোচ্চ ছয় সংগ্রাহক ছিলেন রোহিত। দলকে অপরাজিত রেখেই ফাইনালে উঠিয়ে ছিলেন তিনি। পাশাপাশি বিরাট কোহলি ৫০ তম সেঞ্চুরি করে এই বিশ্বকাপেই রেকর্ড ভাঙ্গেন শচীনের। করেছিলেন বিশ্বকাপের সর্বোচ্চ রান।

বিশ্বকাপে এমন ভালো পারপরম্যান্সের করার পরেও পরাজিত হয়েছে ভারত। ট্রপির সামনে দিয়েই মোস্ট স্কোরারের খেতাব নিয়ে চলে গিয়েছিলেন কোহলি। তার সাথে হতাশা আর কান্না ভর্তি চোখ নিয়ে মাঠ ছেড়ে ছিল রোহিত শর্মা আর পুরোটিম।

Figure 9.1 8



প্রায় ৫ মাস ধরে বেতন পাচ্ছেন না পাকিস্তানের ক্রিকেটাররা। এর ওপর আবার বিশ্বকাপে নিউজিল্যান্ডের বিপক্ষে ম্যাচের পরে পুরো দলকে ম্যাচ ফি' র ১০ শতাংশ অর্থ জরিমানা করা হয়েছে। স্লো ওভার রেটের কারণে বাবর আজমরা মুখোমুখি হয়েছেন এমন শাস্তির। দীর্ঘসময় বেতন না পাওয়া, ম্যাচ ফির অর্থ কেটে নেয়া – সবই দুঃসংবাদ পাকিস্তানের জন্য।

তবে এতসবকিছুর মাঝেও ফখর জামান পেয়ে গেছেন একটা সুসংবাদ। শনিবার বিশ্বকাপে নিউজিল্যান্ডের বিপক্ষে ৮১ বলে ১২৬ রানের অপরাজিত ইনিংস খেলেছেন পাকিস্তানি এই ওপেনার। তার এই ইনিংসের কল্যানেই কিউইদের বিপক্ষে বৃষ্টি আইনে জয় পেয়েছে বাবর আজমের দল। যে কারণে এখনও টিকে রয়েছে তাদের সেমিফাইনালের যাওয়ার সম্ভাবনা। এমন একটা ম্যাচজয়ী ইনিংসের পরেই ফখর জামানের জন্য ১০ লাখ পাকিস্তানি রুপি পুরস্কার ঘোষণা করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড। বাংলাদেশি অর্থ অনুযায়ী যার পরিমাণ প্রায় ৪ লাখ টাকা।

পাকিস্তান ক্রিকেট বোর্ড মিডিয়ার টুইটার হ্যান্ডেল থেকে ফখরকে অভিনন্দন জানিয়ে ঘোষণা করা হয় অর্থ পুরস্কারের কথা। ফখরের প্রতি শুভেচ্ছা স্মারক হিসেবে এই ১০ লাখ রুপি দিয়ে।

শনিবার নিউজিল্যান্ডের দেয়া ৪০২ রানের পাহাড়সম টার্গেট তাড়া করতে নেমেছিল পাকিস্তান। আর তখনই ফখর জামানের তান্ডবলীলা দেখলো ব্যাঙ্গালুরু। কিউই বোলারদের কোনো পাত্তা না দিয়ে ৮টি চার ও ১১টি ছক্কার সাহায্যে করেন দুরন্ত এক সেঞ্চুরি। তার এমন ডমিনেটিং ইনিংসে প্রয়োজনীয় রান রেটের থেকে বেশ এগিয়েও ছিল পাকিস্তান। এক দফা বৃষ্টির পর খেলা শুরু হলেও দ্বিতীয়বার বৃষ্টি নামলে আর মাঠে গড়ায়নি খেলা। ডিএল মেথডে পাকিস্তান জয় পায় ২১ রানে।

অবশ্য পিসিবি চেয়ারম্যান জাকা আশরাফ বলেছেন, ফখর আরো বড় পুরস্কার ডিজার্ভ করেন। নিউজিল্যান্ডের বিপক্ষে ম্যাচের পরে তাকে ফোন করে সেঞ্চুরির জন্য প্রশংসা করেছেন। জানিয়েছেন অর্থ

Figure 9.1 9



বিশ্বকাপের আগে মাহমুদুল্লাহ রিয়াদ স্কোয়াডে জায়গা পাবেন কি না, সেটা যেন ছিলো কোটি টাকার প্রশ্ন। তবে অনেক জল্পনা-কল্পনার পর রিয়াদ বিশ্বকাপের দলে জায়গা করে নিয়েছেন এবং মাঠে পারফর্ম করে সব আলো কেড়ে নিচ্ছেন নিজের দিকে। ৩৭ বছর বয়সি টাইগার অলরাউণ্ডার নিজেই বলেছেন, এই বিশ্বকাপের পরই ব্যাটপ্যাড গুছিয়ে রাখবেন।

দক্ষিন আফ্রিকার বিপক্ষে দুর্দান্ত সেঞ্চুরি পর অনেক প্রশংসিত হচ্ছেন রিয়াদ। ২৮ অক্টোবর নেদারল্যান্ডসের ম্যাচের আগে আইসিসিকে নিজের পারপরম্যান্স এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে জানান মাহমুদুল্লাহ। সে ভিডিওতে তাকে নিয়ে কথা বলেন সতীর্থ মুশফিকুর রহিম এবং টিম ডিরেক্টর খালেদ মাহমুদও।

২০২৩ এর বিশ্বকাপে দলে না থাকার অনেকটাই শঙ্কা ছিল মাহমুদুল্লাহর। কিন্তু ফিটনেস নিয়ে কাজ করে অবশেষে টিম টাইগারে জায়গা করে নিয়েছেন তিনি। এখন পর্যন্ত বাংলাদেশ মাঠে ভালো পারপরম্যান্স না দেখাতে পারলেও মাহমুদুল্লাহ বুঝিয়েছেন দিন এখনো ফুরায়নি।

বিশ্বকাপ একাদশে সুযোগ পাওয়া নিয়ে মাহমুদউল্লাহ জানান, ‘ক্রিকেট এমন একটি খেলা, যেখানে আপনি বিস্মিত হওয়ার মতো অনেক কিছু দেখবেন। আমি অনেক পরিশ্রম করেছি, যেন বিশ্বকাপে আমি দলের হয়ে খেলার সুযোগ পাই।

Figure 9.2 1



বাংলাদেশ নিয়ে সতর্ক শক্তিশালী সাউথ আফ্রিকা; দেখছে হুমকি স্বরূপ

মঙ্গলবারের সাউথ আফ্রিকার বিপক্ষে মুম্বাইয়ের ওয়াংখেড়ে মাঠে নামবে বাংলাদেশ। চলতি বিশ্বকাপে টাইগারদের পারফরম্যান্স এখন পর্যন্ত একদমই সাদামাটা বলা চলে। তবে ২০১৯ এর বিশ্বকাপ সহ গত চার বছরের মোট ছয়টি ওডিআই ম্যাচের তিনটিতে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে জিতেছে টাঈগাররা। এর মধ্যে প্রোটিয়াদের ঘরের মাঠে গিয়েও সিরিজ জিতে এসেছে বাংলাদেশ,যা বাড়তি প্রেরণা যোগাবে টাইগারদের।

এ নিয়ে এইডেন মার্করাম বলেন, "বাংলাদেশের বিপক্ষে খেলতে নামাটা আমাদের জন্য সবসময় বেশ কঠিন, যেহেতু অতীতে আমরা বাংলাদেশের বিপক্ষে খুব একটা ভালো করিনি। তাই আমাদের বাড়তি অনুপ্রেরণা নিয়েই মাঠে নামতে হবে, যাতে ইংল্যান্ডের বিপক্ষে যেভাবে খেলেছি তার চেয়েও ভালো খেলতে পারি। মাঠে সব ঠিকঠাক প্রয়োগ করতে পারলে খুব একটা সমস্যা হবে না। "

দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা এবং অস্ট্রেলিয়াকে প্রথম দুই ম্যাচে ১০০র বেশি রানের ব্যবধানে হারিয়েছে। পরের ম্যাচে অবশ্য খর্বশক্তির নেদারল্যান্ডের বিপক্ষে হোচটও খেয়েছে তারা। নেদারলোন্ডের বিপক্ষে মাত্র ২৪৬ রানের টারগেট তাড়া করতে নেমে ম্যাচটা হেরে যায় তারা। যদিও পরের ম্যাচেই শক্তিশালী ইংল্যান্ডকে ২২৯ রানের বড় ব্যবধানে হারিয়ে নিজেদের শক্তিমত্তার জানান দিয়েছে প্রোটিয়ারা।

এইডেন মার্করাম আরো বলেন," আমি বলতে পারবনা এটা বাংলাদেশকে হারানোর সেরা সময়। আমরা এরিমধ্যে দেখেছি বিশ্বকাপে নিজেদের দিনে যেকোনো দল অন্যদলকে হারিয়ে দিচ্ছে। আপনি যদি বিপক্ষে দলকে সম্মান না করেন তাহলে সেটা হবে ক্ষতির কারণ। আমরা ইংল্যান্ডের বিপক্ষের ম্যাচ থেকে অনুপ্রেরনা নিয়েই নামবো, আমাদের সুযোগ থাকবে, তবে সেটা নিশ্চিত কিছু নয়। "

এইডেন মার্করাম এবং র‍্যাসি ভ্যান ডের ডাসেন মিডল অর্ডার দক্ষিণ আফ্রিকাকে দুর্দান্ত সার্ভিস দিয়ে যাচ্ছে। মিডল অর্ডারে তাদের সাথে আছেন অভিজ্ঞ ডেভিড মিলারও। ইংল্যান্ডের বিপক্ষে সেঞ্চুরি করা হেইনরিছ ক্লাসেন বাংলাদেশের বিপক্ষের ম্যাচেও হতে পারে সাউথ আফ্রিকার তুরুপের তাস। পাশাপাশি প্রথম দুই ম্যাচে সেঞ্চুরির করা কুইন্টন দে কক বাংলাদেশের জন্যও হতে পারেন মাথা ব্যথার কারণ।

তবে এইডেন মার্করাম এর মতে টাইগারদেব ক্যাপ্টেন সাকিব আল হাসান প্রোটয়াদের বিপক্ষে

Figure 9.2 2



21-11-23

দয়া করে তোমরা হাসো, পুরো দেশ তোমাদের দেখছে – বিশ্বকাপ ফাইনালে ভারত হারার পর ড্রেসিংরুমে গিয়ে রোহিত শর্মা - বিরাট কোহলিদের এভাবেই স্বান্তনা দেন ভারতের প্রধানমন্ত্রী নেরেদ্র মোদি। সেই ভিডিও প্রকাশ হয় নরেন্দ্র মোদির অফিসিয়াল ইউটিউব চ্যানেলে।

টানা দশ ম্যাচ জিতে শেষে এসে হার – এমন পরিণতি বরণ করলে ভেঙে পড়াটা অস্বাভাবিক কিছু নয়। আহমেদাবাদের মাঠে বসেই কান্না শুরু করেছিলেন ইন্ডিয়ান পেসার মোহাম্মদ সিরাজ। চোখেমুখে অন্ধকার নেমে আসে বিরাট কোহলির। চোখ ছলছল করছিল ক্যাপ্টেন রোহিতের। ম্যাচ শেষে ড্রেসিং রুমে গিয়েও কেদেছে অনেক ক্রিকেটার। ফাইনাল ম্যাচ হেরে একেবারে মুষড়ে পরে ভারতীয় দল। চারদিক ছিলো হতাশায় মোড়া।

ঠিক এমন সময়ে ভারতের ড্রেসিংরুমে প্রবেশ করেন মোদি। সব প্লেয়ারের সাথে কথা বলার পাশাপাশি তাদেরকে দেন স্বান্তনা। আর এই স্বান্তনা দিতে গিয়ে রোহিত- বিরাটকে ভেঙে না পড়ার কথা বলেন মোদি। বলেন, হাসিখুশি থাকতে। কারণ পুরো দেশ দেখছে তাদের। তাই ধরে রাখতে হবে মনোবল।

“তোমরা টানা ১০টি ম্যাচ জিতেছ। এই একটা ম্যাচ তোমরা হারতেই পারো, এটা স্বাভাবিক। এমনটা হয়ই। দয়া করে তোমরা হাসো, পুরো দেশ তোমাদের দেখছে। আমি ভাবলাম যে আমার তোমাদের সঙ্গে দেখা করা উচিত।“

এরপর মোদিকে কিছুক্ষন গুজরাটি ভাষায় কথা বলতে দেখা যায় গুজরাটের ছেলে রবীন্দ্র জাদেজার সাথে। আহমেদাবাদের ছেলে জাসপ্রিত বুমরাকে জিজ্ঞেস করেন গুজরাটি ভাষা বলতে পারেন কিনা। প্রতিউত্তরে

Figure 9.2 3



একটি ভালো হেলমেট আপনাকে বাচিয়ে দিতে পারে টাইম আউট থেকে- দিল্লি পুলিশ এমনই একটি বার্তা প্রকাশ করে গনযোগাযোগ মাধ্যমে। তাও আবার বাংলাদেশ শ্রীলঙ্কা ম্যাচে আঙ্গেলো মেথিউসের টাইম আউটের ছবি দিয়ে। তবে এটা কোনো ট্রল নয়, সঠিক হেলমেট ব্যবহারের একটি পোস্ট করেছে দিল্লি পুলিশ। সেখানে বুঝানো হয়েছে রোডে বাইক চালানোর সময় ভালো হেলমেট ব্যবহার করতে, সে কারনে বেচে যেতে পারে আপনার।

৬ নভেম্বর, বিশ্বকাপ ২০২৩ রাউন্ড রবিন লীগের ৩৮ তম খেলা হয় দিল্লির মাঠে। সেখানে মুখোমুখি হয় বাংলাদেশ শ্রীলঙ্কা। আর এই ম্যাচেই সবার সামনে আসে বিশ্বকাপের সর্বপ্রথম টাইম আউট নিয়মটি। শ্রীলঙ্কান ব্যাটার সাদিরা সমরাবিক্রম আউট হওয়ার পর মাঠে নেমেছিলেন এঞ্জেলো মেথিউস। কিন্তু ৬ নম্বর উইকেটে মাঠে আসার সময় লাগান ২ মিনিটের বেশি। অন্যদিকে আপিল করে বসেন বাংলাদেশের ক্যাপ্টেন সাকিব আল হাসান।

ক্রিকেট সংবিধানে ৪০.১.১ এ লিখা আছে, একটি উইকেট যাওয়ার পর পরবর্তী ব্যাটারকে বল খেলার জন্য অথবা অন্য ব্যাটারকে প্রস্তুত থাকতে হবে পরবর্তী বল খেলার জন্যে। তাহলে সেটি টাইম হিসেবে গন্য হবে। তবে এটি করতে ব্যর্থ হলে এবং বিপক্ষের টিম আপিল করলে, সেটি টাইম আউট হিসেবে গন্য করা হবে।

মেথিউস মাঠে এসে জানান মাঠে নেমে দেখেন তার হেলমেটের স্ট্রেপ ছেড়া। ড্রেসিং রুম থেকে নতুন হেলমেট আনাতে কিছুটা সময় লেগে যায় তার। তবে নিয়ম কারো কথা শুনে না। মেথিউস সাকিবের সাথে আপিল উঠানোর ব্যাপারে কথা বললে সাকিব বলেন আম্পায়ারের সাথে কথা বলতে। এইদিকে সাকিব আপিল উঠাতে নারাজ। আম্পায়ারের সাথে কথা বলেও লাভ হয় নি কোনো। টাইম আউট নিয়েই আবার ড্রেসিং রুমে ফিরে যেতে হয় মেথিউসকে।

তবে মাঠে মেথিউস বিপল হলেও দিল্লি পুলিশ এ ব্যাপার নিয়েই হয়েছেন অনেকটাই সফল। সেদিনই গনযোগাযোগ মাধ্যমে সময়ে সঠিক হেলমেটের গুরুত্ব বুজিয়ে একটি সতর্ক বার্তা দেন। তবে সেটি

Figure 9.2 4

পিচে আউট না হয়ে একবার ঠিকভাবে জায়গা করে নিতে পারলেই কোনো বোলারের সাধ্য নেই চার ছয় আটকানোর। এমন এগ্রেসিভ ব্যাটিংয়ের জন্যেই ওয়েস্ট ইন্ডিজের ব্যাটার ক্রিস গেইল হয়ে যান ইউনিভার্স বস। কেউ কেউ দাবি করছেন ভারতের ব্যাটার সুরিয়া কুমার ইয়াদব নতুন উইনিভার্স বস। ইয়াদবের সাথে এই তুলনা নিয়ে গেইল বলেন, এই ক্রিকেটে শুধু একজনই ইউনিভার্স বস- আর সেটা ক্রিস গেইল।

টি২০ এর সর্বোচ্চ রান এই ক্রিকেট তারকার সংগ্রহে। এই ফরমেটেই করেছেন ২১ সেঞ্চুরি ও ৭১ টি হাফ সেঞ্চুরি। সেকারনে এই ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটার কিং অফ সর্ট ফরমেট নামেও পরিচিত। টি২০ ফরমেট ছাড়াও ওডিআই ফরমেটে রয়েছে একটি ডাবল সেঞ্চুরি সহ মোট ২৫ টি সেঞ্চুরি। টেস্ট ক্রিকেটে ত্রিফল সেঞ্চুরি সহ মোট ১৫ টি সেঞ্চুরি। তবে এগ্রেসিভ খেলা নিয়েই অনেক প্রশংসিত গেইল। আর সেজন্য তাকে বলা হয় ইউনিভার্স বস।

সর্ট ফরমেটে এক ম্যাচে এমন এগ্রেসিভ খেলা দেখে অনেকেই গেইলের সাথে তুলনা দিতে গেলেন টিম ইন্ডিয়ার ব্যাটার ইয়াদবকে। ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে অস্ট্রেলিয়ার বিপক্ষে হারার পরপরই ভারতের মাঠেই আয়োজিত হয় ভারত অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক টি২০ সিরিজ। এই সিরিজের অধিনায়ক হন সুরিয়া কুমার ইয়াদব। সিরিজের প্রথম দুই ম্যাচেই জয়ী হয় ভারত। বিশ্বকাপের মাঠে ভালো ফারফরম্যান্স করতে পারলেও টি২০ এই সিরিজে অনেকটাই সাফল্য পান ইয়াদব।

Figure 9.2 5



পাকিস্তান ক্রিকেট টিম অধিনায়ক বাবর আজমের হোয়াইটস্যাপ চ্যাট ফাঁস নিয়ে ক্ষুদ্ধ পাকিস্থানের সাবেক ক্রিকেটাররা।

বাবর আজমের বাজে পারফরম্যান্স নিয়ে খবরের শিরোনাম হচ্ছেন ইন্ডিয়ার সাথে হারের পর থেকেই। তবে শুধু মাঠের মধ্যবর্তী ঘটনার জন্য নয়, শিরোনাম হচ্ছেন মাঠের বাইরে অন্য কারণে। এবারের শিরোনামে আসার কারন পাকিস্থান ক্রিকেট বোর্ডের প্রধান জাকা আশরাফ।

বাবরের সাথে পিসিবির চিফ অপারেটিং অফিসার সালমান নাসেরের হোয়াইটস্যাপ বার্তা ফাঁস করেছেন জাকা আশরাপ। এ নিয়ে বাবর শিরোনামে এলেও পিসিবি প্রধানের কাজটি পছন্দ হয়নি পাকিস্তানের সাবেক ক্রিকেটারদের।

ঘটনাটি শুরু হয় ২৮ অক্টোবর, গত শনিবার থেকে। পাকিস্তানের সাবেক ক্রিকেটার রশিদ লতিফ বলেছিলেন, পিসিবি প্রধান জাকা আশরাফের সঙ্গে ভারত থেকে ফোনে যোগাযোগ করার চেষ্টা করেছিলেন। কিন্তু ফোন ধরেননি জাকা আশরাফ।

পরে পাকিস্তানের একটি টেলিভিশনে সাক্ষাৎকারে জাকা আশরাফ বলেছেন, রশিদ লতিফের কথা ঠিক নয়। নিজের কথা প্রমাণ করতে ওই টেলিভিশন চ্যানেলটির সাংবাদিককে বাবর-নাসেরের হোয়াটসঅ্যাপ বার্তাগুলো দেন তিনি। সেটা তারা প্রচারও করে।

সেই সময় টেলিভিশনটির অনুষ্ঠানে ছিলেন পাকিস্তানের সাবেক ক্রিকেটার আজহার আলী। তিনি সঙ্গে সঙ্গেই সেই অনুষ্ঠানের উপস্থাপককে প্রশ্ন করেন–এটা তাঁরা বাবরের অনুমতি নিয়ে দেখাচ্ছেন কি না। বাবর অনুমতি না দিলে এগুলো তাঁরা দেখাতে পারেন না বলেও উল্লেখ করেন আজহার আলী।

পাকিস্তানের সাবেক কোচ ও ফাস্ট বোলার ওয়াকার ইউনিস গতকালই বিষয়টিকে 'দুঃখজনক' বলে আখ্যা দিয়েছেন। এবার বিষয়টি নিয়ে সরব হয়েছেন পাকিস্তানের আরও দুই সাবেক ক্রিকেটার শহীদ আফ্রিদি ও মুশতাক আহমেদ। পাকিস্তানের সাবেক অধিনায়ক আফ্রিদি তো জাকা আশরাফকে রীতিমতো ধুয়েই দিয়েছেন।

Figure 9.2 6


Brian Lara on Virat kohli's legacy.docx - Word
DESIGN
PAGE LAYOUT
REFERENCES
MAILINGS
REVIEW
VIEW
ADD-INS
যদি আমার ছেলে কখনো খেলাধুলায় যুক্ত হয় তাহলে আমি তাঁকে বলবো প্রতিশ্রুতি এবং আত্মোৎসর্গের উদাহরণ হিসেবে বিরাট কোহলিকে অনুসরণ করতে- ক্রিকেটের অন্যতম কিংবদন্তি হয়েও ছেলের প্রতি উপদেশ কোহলিকে যেন সে অনুসরণ করে, এমনটাই জানিয়েছেন ওয়েস্ট ইন্ডীজের ব্রায়ান লারা।
১৯৯৪ সালে টেস্টে ৩৭৫ রান করে আরেক ক্যারিবীয় কিংবদন্তি স্যার গারফিল্ড সোবার্সের ৩৬ বছরের রেকর্ড ভেঙ্গেছিলেন লারা। ঠিক ১০ বছর পরেই অস্ট্রেলিয়ান ব্যাটার ম্যাথিউ হাইডেনের ৩৮০ রানের রেকর্ড ভেঙ্গে করেন অপরাজিত ৪০০ রান। ইনটারন্যাশনাল টেস্ট ও লাল বলের ফার্স্ট ক্লাস ক্রিকেটে সর্বোচ্চ রান সংগ্রহ করে বনে যান কিংবদন্তি ব্যাটসম্যান। ২০১২ সালে হল অফ ফেমে সোবার্সের, ডন ব্রাডম্যান, ভিভ রিচার্ডসের সাথে যুক্ত হয় তিনি। লারা কয়েকদিন পরেই পা রাখবেন ৫৫ বছর বয়সে।
নিজে সর্বকালের সেরা একজন ব্যাটার হলেও, তার মতে একজন প্লেয়ারকে যদি নাম্বার ওয়ান ব্যাটসম্যান হতে হয় তাহলে কোহলির প্রতিশ্রুতি ও আত্মোৎসর্গকে নিজের উদাহরন হিসেবে নিতে হবে। কলকাতার টাইগার পাতুডি ম্যামুরিয়াল লেকচারে এমন কথাই জানান লারা,
"আমার একটি ছেলে আছে। আর আমি বলতে পারি যদি কখনো আমার ছেলে খেলাধুলার সাথে যুক্ত হয়, তাহলে আমি তাকে বলবো বিরাট কোহলির প্রতিশ্রুতি ও আত্মোৎসর্গকে শুধু নিজের শক্তি হিসেবে নয়, বরং নাম্বার ওয়ান স্পোর্টস্ম্যান হওয়ার মনোবল হিসেবে দেখতে।"
ভারত ২০২৩ বিশ্বকাপ ফাইনাল হারলেও পুরো আসর জুড়ে কোহলি ব্যাট হাতে ছিলেন দুর্দান্ত। কিংবদন্তি ব্যাটার লারার মতে কোহলি এমন একজন ব্যাটার যিনি শুধু ক্রিকেটেই পরিবর্তন আনেননি। ক্রিকেটের জন্য নিজেকে তৈরী করতে গিয়ে নিজের শৃঙ্খলার অনেক পরিবর্তন এনেছেন ভারতের এই সুপারস্টার।
"প্রথমত, অনেক মানুষকে বলতে শুনা যায় যেখানে ভারত বিশ্বকাপে পরাজিত হয়েছে সেখানে কোহলির পারফরম্যান্স দেখার বিষয় না। একজন খেলোয়াড়ের প্রথম দায়িত্ব থাকে তার দলকে

Figure 9.2 7

Selfie with collegues:

Figure 10. 1

Figure 10. 2

Figure 10. 3

Figure 10. 4



Figure 10. 5

Figure 10. 6

Figure 10. 7

Figure 10. 8

Figure 10. 9

Figure 10. 10

Figure 10. 11

Figure 10. 12

Figure 10. 13

Figure 10. 14

Figure 10. 15

Figure 10. 16

Figure 10. 17

Figure 10. 18

Figure 10. 19



Figure 10. 20

Figure 10. 21



Figure 10. 22